কানাইডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ে নবীন বরণ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান

দামুড়হুদা উপজেলার কানাইডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয় কতৃক আয়োজিত নবীন বরণ এসএসসি পরীক্ষাথীদের সংবর্ধনা বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকাল ৪ টার দিকে কানাইডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

নবীন বরণ এসএসসি পরীক্ষাথীদের সংবর্ধনা বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা(ইউএনও) উপস্থিত থেকে বক্তব্যে বলেন আজকের শিশু আগামী দিনের ভবিষ্যৎ আমরা তোমাদের মধ্যে দিয়েই আগামী দিনের উজ্জ্বল আলো দেখতে চাই। আর সেই সাথে আরো বলি এই বিদায় সেই বিদায় নয়। বরং তোমাদের জীবনে নতুন আরেকটি অধ্যায় যেখানে রয়েছে উন্নতির নতুন দিশা।

কানাইডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফেরদাউস রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস,নজির আহমেদ কানাইডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি ও সাধারণ সম্পাদক আঃ লীগ কার্পাসডাঙ্গা ইউনিয়ন শাখা,মালেক মিয়া বিশিষ্ট ব্যবসায়িক কার্পাসডাঙ্গা বাজার, সাবেক ইউপি সদস্য আব্দুল গণি, আঃলীগ নেতা আশরাফ আলী সহ প্রমুখ আরও উপস্থিত কানাইডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক রফিকুল ইসলাম,আব্দুল হামিদ, সহকারী শিক্ষক জয়নাল আবেদীন, মাসুম রেজা, শাহিন ইকবাল, সাইদ হোসেন, করিম রেজা,শাইরুল ইসলাম,মোস্তাক আহমেদ, বশির আহৃমেদ, সহকারী শিক্ষিকা নার্গিস আরা, রাহিমা খাতুন, নার্গিস বেগম ও অত্র বিদ্যালয়ের ছাত্র ছাত্রী বিন্দু।